

বর্গময় যশোর
কর্মরত শিক্ষকদের
বেতন কম দেয়ার
অভিযোগ

নিজস্ব সংবাদদাতা, যশোর অফিস :
কেশবপুরে সার্বিক সাক্ষরতা
আন্দোলনের বর্গময় যশোরে কর্মরত
শিক্ষকদের ভাতার টাকা কম দেয়া হচ্ছে
বলে অভিযোগ পাওয়া গেছে।

গত রোববার কেশবপুরের ৩৩টি
বিদ্যালয়ের শিক্ষকরা তাদের ভাতার
টাকা উত্তোলন করেন। তাদের প্রাপ্য
৬শ' টাকা অথচ দেয়া হয়েছে ৪শ' ৮০
টাকা করে। এতে ক্ষুব্ধ শিক্ষকরা স্থানীয়
কর্তৃপক্ষের কাছে অভিযোগ করলেও
কোন সফল পাননি।

এ ব্যাপারে উপজেলা নির্বাহী
অফিসারের কাছে জানতে চাইলে তিনি
বলেন, এডিসি (শিক্ষা) সাহেবের
মৌখিক নির্দেশে একটি সার্কুলারের জন্য
১শ' টাকা করে কর্তন করা হয়েছে। তবে
আর ২০ টাকা কেন কর্তন করা হলো তা
জানতে চাইলে তিনি কোন সদুত্তর দিতে
পারেননি।